# বাংলাদেশ গণিত সমিতি

## ষান্মাসিক বুলেটিন : ডিসেম্বর ২০১৫

### গণিত বিষয়ক শিক্ষকদের কর্মশালা চলনবিল ২০১৫

বাংলাদেশ গণিত সমিতির কার্যকরী সংসদের সদস্য গবেষক কাজী মোঃ খায়রুল বাসার জুন মাসে চলনবিল এলাকার মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের গণিত শিক্ষাদানকারী শিক্ষকদের জন্য দিনব্যাপী একটি কর্মশালা অনুষ্ঠানের প্রস্তাব কার্যকরী সংসদে উত্থাপন করেন। কাজী মোঃ খায়রুল বাসারকে আহ্বায়ক এবং এস এম শরিফুল হক লাবুকে সদস্য-সচিব করে তিন সদস্য বিশিষ্ট একটি কমিটিকে প্রস্তাবিত কর্মশালা আয়োজনের দায়িত্ব প্রদান করা হয়। মূল পরিকল্পনা অনুযায়ী প্রস্তাবিত কর্মশালায় সমিতির সভাপতির এবং সম্পাদকের অংশগ্রহণের কথা ছিল। কর্মশালার তারিখ পরিবর্তিত হয়ে ৯ অক্টোবর ২০১৫ নির্ধারণ করায় তাঁদের পক্ষে কর্মশালায় অংশগ্রহণ সম্ভব হয়নি। সমিতির সভাপতি কর্মশালায় তাঁর প্রতিনিধি হিসাবে আমাকে অংশগ্রহণের অনুরোধ জানান। কর্মশালার স্থান নির্ধারণ করা হয় রবীন্দ্রনাথের স্মৃতিবিজড়িত নওগাঁ জেলার আত্রাই উপজেলার পতিসরে।

৮ অক্টোবর ২০১৫ বৃহস্পতিবার সন্ধ্যা নাগাদ একটি মাইক্রোবাসে শরিফুল হক লাবু একে একে আমন্ত্রিত অংশগ্রহণকারীদের তুলে নিয়ে পতিসরের পথে রওনা হন। সবশেষে উত্তরা থেকে ওঠেন বাংলাদেশ মাদ্রাসার টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটের সহযোগী অধ্যাপক মোঃ নাছির উদ্দিন; এরপর আশুলিয়া হয়ে চন্দ্রা যাওয়ার পথে আমরা জিরানীতে নামাজের জন্য যাত্রাবিরতি করি ও চমৎকার শর্মা খাই। যমুনা সেতু পার হয়ে চলনবিলের বুক চিরে নির্মিত হাটিকুমরুল সড়ক ধরে নাটোরের পথে এগুতে থাকি। নাটোর পার হয়ে বগুড়া মহাসড়কে উঠি। সিংড়া পার হয়ে কিছুদুর গিয়ে কালীগঞ্জ বাজারগামী ক্রসিং মিস্ করে আরো কিছুদূর এগিয়ে যাই; সহসাই ভুল বুঝতে পেরে সঠিক পথে ফিরে আসি। কালীগঞ্জ বাজার পার হওয়ার কিছুদূর পর রাস্তার অবস্থা চন্দ্রপৃষ্ঠের মতো হয়ে পড়ে। কাননবালার 'শেষ উত্তর' সিনেমার গান 'ছন্দে ছন্দে দুলি আনন্দে আমি বনফুল গো' স্মরণ করে দুলতে দুলতে এগিয়ে যাই। পতিসরে রবীন্দ্র কুঠিবাড়ীর সন্নিকটে নওগাঁ জেলা পরিষদ কর্তৃক নির্মিত মনোরম ও বিলাসবহুল অতিথিশালা 'বঙ্গবন্ধু স্মৃতি নীড়'-এর প্রাঙ্গণে আমরা যখন ঢুকি তখন ভোর রাত চারটা। কাজী মোঃ খায়রুল বাসার সেখানে আমাদের স্বাগত জানান। রুমে গিয়ে আমরা সবাই দুই-তিন ঘণ্টা বিশ্রাম নেই; আমরা কেউ কেউ কিছুটা ঘুমালেও কাজী মোঃ খায়রুল বাসার বিনিদ্র রজনী যাপন করেন বলে আমি নিশ্চিত। সকাল আটটায় আমরা ডাইনিং রুমে গিয়ে প্রাতঃরাশ পর্ব সমাধা করি।

নয়টার আগেই আমরা কর্মশালার অনুষ্ঠান স্থল রবীন্দ্র কুঠিবাড়ীর চৌহদ্দির মধ্যে অবস্থিত দেবেন্দ্র মঞ্চের সুপরিসর ময়দানে উপস্থিত হই। ততক্ষণে কর্মশালায় অংশগ্রহণকারী শিক্ষকদের অনেকেই সেখানে জড়ো হয়েছিলেন। দশটায় কর্মশালার কার্যক্রম শুরু হয়। জাতীয় সংসদের নওগাঁ-৬ (আত্রাই-রাণীনগর) আসনের মাননীয় সংসদ সদস্য শিক্ষানুরাগী মোঃ ইসরাফিল আলম প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন এবং কর্মশালার শুভ উদ্বোধন ঘোষণা করেন। অবহেলিত চলনবিল এলাকায় এই কর্মশালার আয়োজনের জন্য তিনি বাংলাদেশ গণিত সমিতির এবং কর্মশালার আয়োজকদের ভূয়সী প্রশংসা করেন এবং তাঁদের ধন্যবাদ জানান। সমিতির সভাপতির প্রতিনিধি হিসাবে আমি প্রাসঙ্গিক সংক্ষিপ্ত বক্তব্য রাখি। কর্মশালার উভয় পর্বে সভাপতিত্ব করেন আহ্বায়ক গবেষক কাজী মোঃ খায়রুল বাসার।

কর্মশালার প্রথম পর্বে বাস্তব সংখ্যা সম্পর্কে আলোচনা করেন জান্নাত একাডেমী (মিরপুর, ঢাকা)-এর প্রধান শিক্ষক জনাব এম. এ. মান্নান চৌধুরী। শিক্ষার্থী গণিত কেন ভয় পায় সম্পর্কে আলোচনা করেন ঢাকার ক্যামব্রিজ ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজের প্রিন্সিপাল জনাব মোঃ হারুন-অর-রশীদ। সৃজনশীল পদ্ধতি নিয়ে বিস্তারিত ও সারগর্ভ আলোচনা করেন অধ্যাপক মোঃ নাছির উদ্দিন। গণিত ভীতি দূরীকরণে শিক্ষকদের করণীয় সম্পর্কে আলোচনা করেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম।



ছবিটি কর্মশালার দ্বিতীয় পর্বের: প্রশ্নের উত্তর দিচ্ছেন প্রফেসর মুনিবুর রহমান চৌধুরী, পাশে প্রফেসর আব্দুল আলীম, প্রফেসর মোঃ নাছির উদ্দিন, এস এম শরিফুল হক লাবু ও গবেষক কাজী মোঃ খায়রুল বাসার

মধ্যাহ্ন ভোজ ও নামাজের বিরতির পর দ্বিতীয় পর্ব শুরু হয়। দ্বিতীয় পর্বে উপস্থিত শিক্ষকদের মধ্য হতে তাঁদের মতামত, সমস্যা ও গণিত বিষয়ক প্রশ্ন আহ্বান করা হয়। ঢাকা থেকে আগত আমরা সবাই এতে উপস্থিত থেকে আলোচনায় অংশ নেই এবং বিভিন্ন প্রশ্নের উত্তর দেই। সোয়া চারটা পর্যন্ত এই পর্ব চলার পর সভাপতি গবেষক কাজী মোঃ খায়রুল বাসার সমাপনী বক্তব্য রাখেন এবং সবাইকে ধন্যবাদ জানিয়ে কর্মশালার সমাপ্তি ঘোষণা করেন।

এরপর আমাদের রবীন্দ্র মিউজিয়াম দেখার আমন্ত্রণ জানানো হয়। রবীন্দ্রনাথের কুঠিবাড়ীকে সংস্কার ও সংরক্ষণ করে রবীন্দ্র মিউজিয়াম করা হয়েছে। মিউজিয়ামে রবীন্দ্রনাথের ব্যবহৃত বেশ কিছু আসবাবপত্র এবং রবীন্দ্রনাথের ও তাঁর পরিবারের সদস্যদের অনেকগুলি আলোকচিত্র রয়েছে। বিকাল পাঁচটায় আমরা সবাই একই মাইক্রোবাসে ঢাকার পথে রওনা হই। যমুনা সেতু পার হয়ে নামাজ ও চা পানের জন্য এলেঙ্গায় সংক্ষিপ্ত যাত্রাবিরতি করি। রাত এগারটার আগেই আমরা ঢাকা মহানগরীতে প্রবেশ করি, এবং মধ্যরাতের আগেই সবাই নিজ নিজ বাসায় পৌঁছাই।

কর্মশালা উপলক্ষে আয়োজকরা ২৮ পৃষ্ঠার একটি মনোজ্ঞ সুভেনীর প্রকাশ করেন। এতে মাননীয় সংসদ সদস্য মোঃ ইসরাফিল আলম, সমিতির সভাপতি প্রফেসর সাজেদা বানু, সমিতির সম্পাদক প্রফেসর মোঃ শহীদুল ইসলাম, কর্মশালার সদস্য-সচিব এস এম শরিফুল হক লাবুর বাণী, এবং কর্মশালার আহ্বায়ক গবেষক কাজী মোঃ খায়রুল বাসারের সম্পাদকীয় স্থান পেয়েছে। এছাড়া রয়েছে কর্মশালার বিষয়বস্তু সম্পৃক্ত আটটি নাতিদীর্ঘ প্রবন্ধ এবং কিছু বিজ্ঞাপন। আয়োজকবৃন্দ এই কর্মশালা সফলভাবে অনুষ্ঠানে যে নিষ্ঠা, আগ্রহ ও কর্মদক্ষতার পরিচয় দিয়েছেন, তা এক কথায় অতুলনীয়, অসামান্য। এই কর্মশালা অনুষ্ঠানের জন্য তাঁরা স্মরণীয় ও বরণীয় হয়ে থাকবেন। আমি চলনবিল গণিত পরিবারের উত্তরোত্তর সমৃদ্ধি ও সাফল্য কামনা করি।

আ-৪০ ড. মুনিবুর রহমান চৌধুরী
৩/৬, ব্লক-জি, লালমাটিয়া, ঢাকা-১২০৭
০১৫৫২-৪৬৭৯০৮

## বিভাগীয় পর্যায়ে সেমিনার অনুষ্ঠান

বিভাগীয় পর্যায়ে প্রথম সেমিনার ৩ জানুয়ারি ২০১৫ তারিখে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়, যার বিবরণ ষান্মাসিক বুলেটিনে জুন ২০১৫ সংখ্যায় প্রকাশিত হয়েছে। বিভাগীয় পর্যায়ে দ্বিতীয় সেমিনার ২২ আগস্ট ২০১৫ তারিখে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের আয়োজনে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মনোরম কেন্দ্রীয় অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। সেমিনারটিকে Seminar on Applications of Mathematics in Real Life (SAMRAL)-2015 বলে অভিহিত করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মীজানুর রহমান। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গণিত বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ রেজাউল করিম; এতে উপস্থিত ছিলেন গণিত সমিতির সভাপতি প্রফেসর সাজেদা বানু, সম্পাদক প্রফেসর মোঃ শহীদুল ইসলাম। আরো উপস্থিত ছিলেন প্রফেসর মুনিবুর রহমান চৌধুরী, ইউজিসি প্রফেসর মোঃ আনোয়ার হোসেন, প্রফেসর মোঃ আবদুল মতিন (ঢাবি), প্রফেসর অমূল্য চন্দ্র মন্ডল (চেয়ারম্যান, গণিত বিভাগ, ঢাবি), প্রফেসর জুলফিকার আলী (রাবি), প্রফেসর নায়েক সাজ্জাদ এন্দেল্লা (জাবি); বুয়েটের প্রফেসর মোঃ আবদুল হাকিম খান, প্রফেসর মোঃ মনিরুল আলম সরকার এবং প্রফেসর মোঃ আবদুল আলীম। আরো উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর মোঃ আশরাফুল আলম, প্রফেসর মোঃ আশরাফ উদ্দিন (শাবিপ্রবি) এবং সেমিনারের প্রধান বক্তা কানাডার Memorial University of Newfoundland-এর অধ্যাপক ড. জহুরুল আলম। উদ্বোধনী অনুষ্ঠান সঞ্চালনা করেন সেমিনারের আহ্বায়ক প্রফেসর পেয়ার আহম্মেদ।



মাননীয় উপাচার্য গণিতকে **সকল বিজ্ঞানের বিজ্ঞান** বলে অভিহিত করেন এবং জোর দিয়ে বলেন যে, গণিত ব্যতীত ডিজিটাল ওয়ার্ল্ড বাস্তবায়ন সম্ভব না। তিনি এরূপ সেমিনারের আয়োজনের জন্য গণিত বিভাগের ভূয়সী প্রশংসা করেন।


সেমিনারে ড. জহুরুল আলম Multistate large eddy simulation of the atmospheric boundary layer শীর্ষক Keynote paper উপস্থাপন করেন। জীবন ঘনিষ্ঠ এই বক্তৃতা সবাই গভীর আগ্রহে উপভোগ করেন।



তিনটি বৈজ্ঞানিক সেশনে বিভক্ত দিনব্যাপী এই সেমিনারে মূল বক্তা ছাড়াও অন্যান্যদের মধ্যে গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন ড. মামুন মোল্লা (নর্থ-সাউথ ইউনিভার্সিটি), ড. এম. ফেরদৌস (ঢাবি), প্রফেসর ড. লায়েক সাজ্জাদ এন্দেল্লা (জাবি), ড. মোঃ ওসমান গণি (জাবি), প্রফেসর ড. মোঃ আবদুল আলীম (বুয়েট), প্রফেসর ড. মোঃ আশরাফ উদ্দিন (শাবিপ্রবি), পাবেল শাহরিয়ার (শাবিপ্রবি), ড. মোঃ আবু তাহের (ডুয়েট), ড. শাহানশাহ খাঁন (উত্তরা ইউনিভার্সিটি) প্রমুখ।

বিশেষভাবে উল্লেখ্য যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয় গণিত বিভাগের বেশ কয়েকজন শিক্ষক এবং তাঁদের অধীনে গবেষণারত শিক্ষার্থী সেমিনারে গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন। এদের মধ্যে রয়েছেন প্রফেসর ড. মোঃ শরিফুল আলম, মোঃ আলমগীর হোসেন, মোঃ সারোয়ার আলম, ড. সলিমা খানম, মোস্তাক আহমেদ, শরাবান তহুরা।

সেমিনারের একটি বিশেষ আকর্ষণ ছিল Scientific Poster Presentation. এতে প্রফেসর পেয়ার আহমেদ এবং প্রফেসর রেজাউল করিমের চারজন গবেষক ছাত্র Generating Beautiful Fractals in Nature এবং Soliton Solution Travelling of Kortewge-de Vries Equation এবং A Comparative Study of the Solutions of Transportation Problem শীর্ষক তিনটি বিশাল পোষ্টার তৈরি করেন প্রদর্শন করেন (তন্মধ্যে দুইটি দেখানো হল)।





এই নতুন উদ্যোগ সবার দৃষ্টি আকর্ষণ ও প্রশংসা অর্জন করে। শিক্ষামূলক ও মনোজ্ঞ এই পোষ্টার প্রদর্শনের জন্য শিক্ষার্থী তিনজনকে পুরষ্কৃত করা হয়।

সেমিনার উপলক্ষে ৩২ পৃষ্ঠার একটি মনোজ্ঞ সুভেনীর প্রকাশ করা হয়। সুভেনীরটি এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা সভাপতি রেজাউর রহমান এফসিএ-এর স্মৃতির উদ্দেশে উৎসর্গ করা হয়। সেমিনারে মিডিয়া পার্টনার ছিল দৈনিক সমকাল এবং আরটিভি। সেমিনারের সংবাদ বিভিন্ন মিডিয়ায় এবং সংবাদপত্রে প্রকাশিত হয়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের উদ্যোগী, পরিশ্রমী এবং নিবেদিতপ্রাণ শিক্ষকবৃন্দের, বিশেষ করে প্রফেসর পেয়ার আহম্মেদ এবং প্রফেসর মোঃ রেজাউল করিমের কর্মতৎপরতায় দিনব্যাপী সেমিনারটি একটি মিনি কনফারেন্সে পরিণত হয়।

আ-৪০ ড. মুনিবুর রহমান চৌধুরী

## বাংলাদেশ গণিত সমিতি - এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশন সপ্তম জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াড ২০১৫

বাংলাদেশ গণিত সমিতি ২০০৯ সাল থেকে প্রতি বছর সীমিত পরিসরে জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াড আয়োজন করে আসছে। এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের আর্থিক সহযোগিতায় ২০১৩ সাল থেকে জাতীয় গণিত অলিম্পিয়াডের পরিসর বৃদ্ধি করা হয়েছে। সপ্তম জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াড ২০১৫ কমিটি নিম্নলিখিতভাবে গঠিত হয়।

| | | |
|---|---|---|
| আহ্বায়ক | : | অধ্যাপক ড. মুনিবুর রহমান চৌধুরী (অবঃ), গণিত বিভাগ, ঢা.বি. |
| সহ-আহ্বায়ক | : | অধ্যাপক ড. মোঃ আনোয়ার হোসেন (অবঃ), ইউজিসি অধ্যাপক, গণিত বিভাগ, ঢা.বি. |
| সদস্য-সচিব | : | অধ্যাপক ড. মোঃ মনিরুল আলম সরকার, গণিত বিভাগ, বুয়েট |
| কোষাধ্যক্ষ | : | অধ্যাপক ড. অমূল্য চন্দ্র মন্ডল, গণিত বিভাগ, ঢা.বি. |
| সদস্য | : | অধ্যাপক আ. ফ. ম. খোদাদাদ খান (অবঃ), গণিত বিভাগ, ঢা.বি. |
| | | প্রফেসর সুব্রত মজুমদার, ইউজিসি অধ্যাপক, গণিত বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয় |
| | | অধ্যাপক সাজেদা বানু, সভাপতি, বাংলাদেশ গণিত সমিতি |
| | | অধ্যাপক ড. লায়েক সাজ্জাদ এন্দেল্লা, গণিত বিভাগ, জা. বি. |
| | | অধ্যাপক ড. মোঃ আশরাফুল ইসলাম, গণিত বিভাগ, চ. বি. |
| | | অধ্যাপক ড. মোঃ আবু নাঈম শেখ, গণিত বিভাগ, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর |
| | | অধ্যাপক ড. মোঃ আবদুল হাকিম খান, গণিত বিভাগ, বুয়েট |
| | | অধ্যাপক ড. মোঃ আনোয়ারুল ইসলাম, গণিত বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট |
| | | অধ্যাপক ড. মোঃ শহীদুল ইসলাম, সম্পাদক, বাংলাদেশ গণিত সমিতি |
| | | অধ্যাপক ড. মোঃ আব্দুস ছামাদ, চেয়ারম্যান, ফলিত গণিত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় |

অধ্যাপক ড. মোঃ শওকাত আলী, ফলিত গণিত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
অধ্যাপক ড. মোঃ আবদুল আলীম, বিভাগীয় প্রধান, গণিত বিভাগ, বুয়েট
অধ্যাপক ড. মোঃ রেজাউল করিম, বিভাগীয় প্রধান, গণিত বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়
অধ্যাপক সুনীল ধর, বিভাগীয় প্রধান, গণিত বিভাগ, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
অধ্যাপক মোঃ তাজুল ইসলাম, গণিত বিভাগ, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর
জনাব রাজেন্দ্র চন্দ্র ভৌমিক, বিভাগীয় প্রধান, গণিত বিভাগ, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
অধ্যাপক ড. মোঃ আবদুর রব, চেয়ারম্যান, গণিত বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
অধ্যাপক ড. মোঃ হায়দার আলী বিশ্বাস, বিভাগীয় প্রধান, গণিত ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়
মিসেস রুবী গজনবী, ভারপ্রাপ্ত চেয়ারম্যান
এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশন
জনাব জাফর সোবহান, সম্পাদক, Dhaka Tribune

এবারের অলিম্পিয়াডে নারী প্রতিযোগীদের অংশগ্রহণের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়। এবারের ছয়টি আঞ্চলিক অলিম্পিয়াডের আয়োজক বিভাগ ও প্রতিষ্ঠান এবং অলিম্পিয়াডের তারিখ নিম্নে উল্লেখ করা হল। প্রতিটি আঞ্চলিক অলিম্পিয়াড বিপুল উৎসাহ ও উদ্দীপনার মধ্যে আনন্দঘন পরিবেশে অনুষ্ঠিত হয়। প্রত্যেক আঞ্চলিক অলিম্পিয়াডের যে সকল শ্রেষ্ঠ প্রতিযোগী অলিম্পিয়াডের চূড়ান্ত পর্বে অংশগ্রহণের জন্য নির্বাচিত হন তাদের তালিকাও দেওয়া হল।

১। **চট্টগ্রাম অঞ্চল** : গণিত বিভাগ, চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ১৩ নভেম্বর ২০১৫। উপস্থিত প্রতিযোগীর সংখ্যা : ৮৭

আসমাউল হোসনা (চুয়েট), পারভিন আক্তার (চবি), মোঃ ইমতিয়াজ আহমদ (চুয়েট), মোহাম্মদ আরিফ উদ্দিন (চুয়েট), মোঃ আবু বকর সিদ্দিক (চুয়েট), মোঃ শাকিল আহাম্মদ (চুয়েট), মোহাম্মদ ইশতিয়াক শাওন (চুয়েট), খালেদ মাহমুদ (চবি), মোঃ রায়হান উদ্দিন (চট্টগ্রাম কলেজ), অঞ্জন সাহা (সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম)।

২। **ঢাকা দক্ষিণ অঞ্চল**: গণিত বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ২০ নভেম্বর ২০১৫।
উপস্থিত প্রতিযোগীর সংখ্যা : ১৩৮

সাইফুল ইসলাম (ঢাবি), শিহাব আহামদ (বুয়েট), নাফিস ইরতিজা তৃপ্ত (বুয়েট), মুনজারিন রেজা (বুয়েট), মোঃ ইমতিয়াজ মোস্তাফিজ (বুয়েট), নাফিস মুহাম্মদ নাফি (ঢাবি), একেএম হাসিবুল হক (বুয়েট), মাহতাব নূর শান (বুয়েট), কাজী হাসান জোবায়ের (বুয়েট), মোঃ রবিউল ইসলাম (ঢাবি), অভিজিৎ মন্ডল (বুয়েট), ডি.এম. জুনায়েদ কামাল নিবিড় (ঢাবি), আবীর রহমান (বুয়েট), সোহাইমা জাবীন (ঢাবি)।

৩। **রাজশাহী অঞ্চল**: গণিত বিভাগ, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ২৬ নভেম্বর ২০১৫।
উপস্থিত প্রতিযোগীর সংখ্যা : ১০৭

নূর মোহাম্মদ (পাবিপ্রবি), ইরফান রাজু (রাবি), রিসাত হোসেন (হাজী দানেশ বিপ্রবি), মোঃ জহিরুল ইসলাম (রুয়েট), মোঃ সাদ্দাম হোসেন (পাবিপ্রবি), রিপন কুমার মন্ডল (বেগম রোকেয়া বি), মোঃ নুরুজ্জামান (রাবি), মোঃ শাহ আলম (নবাব সিরাজউদদৌলা কলেজ, নাটোর), মোঃ লেলিন চৌধুরী (বেগম রোকেয়া বি), মোসা. জুলেখা খাতুন (নবাব সিরাজউদদৌলা কলেজ, নাটোর)।

৪। **ঢাকা উত্তর অঞ্চল**: গণিত বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৭ নভেম্বর ২০১৫। উপস্থিত প্রতিযোগীর সংখ্যা : ১১৬

মোঃ তরিকুল ইসলাম (উত্তরা বি), মোঃ কৌশিক ইসলাম (ডুয়েট), পিন্টু দেবনাথ (নর্থ-সাউথ বি), আবদুল মোহাইমিন পাটোয়ারী (উত্তরা বি), অনিকা তসনিন (নর্থ-সাউথ বি), সুমাইরা সামিহা খান (নর্থ-সাউথ বি), সাকিবুল ইসলাম (জাবি), মোঃ বিল্লাল হোসেন (উত্তরা বি), ইমরান ইসলাম (জাবি)।

৫। **সিলেট অঞ্চল**: গণিত বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট, ২৮ নভেম্বর ২০১৫।
উপস্থিত প্রতিযোগীর সংখ্যা : ১০০

ঋতেশ্বর তালুকদার (শাবিপ্রবি), সৌমিক সিংহ (শাবিপ্রবি), মোঃ ফাহিম উদ্দিন (শাবিপ্রবি), তরিকুল ইসলাম (শাবিপ্রবি), মোঃ এনামুল হক (শাবিপ্রবি), মোঃ রানাদ হোসেন (শাবিপ্রবি), মোঃ জাহাঙ্গীর আলম (শাবিপ্রবি), মিজানুর রহমান (শাবিপ্রবি), মোঃ গোলাম আলমগীর (শাবিপ্রবি), খাদিজাতুল কোবরা (শাবিপ্রবি)।

৬। **খুলনা অঞ্চল**: গণিত বিভাগ, খুলনা বিশ্ববিদ্যালয়, ৪ ডিসেম্বর ২০১৫। উপস্থিত প্রতিযোগীর সংখ্যা : ৮২

রেশমা খাতুন (খুবি), মোঃ হাসিবুর রহমান (বিএল কলেজ), তন্ময় সরকার (খুবি), মোঃ নাজমুল হাসান (খুবি), মোঃ আব্দুল্লাহ আল মামুন (কুয়েট), শ্যামল টিকাদার (বিএসএমআরএসটিইউ), মোঃ তাইবুর রহমান (খুবি), অভিজিৎ রায় (খুবি), জয়দেব পাল (বিএল কলেজ), সোমেন বৈরাগী (খুবি)।

অলিম্পিয়াডের চূড়ান্ত পর্বের আয়োজক ছিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের সম্প্রতি প্রতিষ্ঠিত ফলিত গণিত বিভাগ। প্রত্যেক আঞ্চলিক অলিম্পিয়াডের (অন্তত) একজন নারী প্রতিযোগীসহ শ্রেষ্ঠ দশ জন (ঢাকা দক্ষিণ অঞ্চলের ক্ষেত্রে পনের জন) প্রতিযোগী ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ এফ মুজিবুর রহমান গণিত ভবনে ১১ ডিসেম্বর ২০১৫ তারিখে অনুষ্ঠিত অলিম্পিয়াডের চূড়ান্ত পর্বে অংশগ্রহণ করেন। সকালে অলিম্পিয়াডের উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন, কলা অনুষদের ডীন অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান, বাংলাদেশ গণিত সমিতির সভাপতি অধ্যাপক

উদ্বোধনী অনুষ্ঠানের পর সংলগ্ন লাউঞ্জে অতিথিদের চা-চক্রে আপ্যায়িত করা হয়। চা-চক্রের পর অতিথি বক্তা বিশিষ্ট ফরাসি গণিতবিদ ড. মিশেল ভালডস্মিট (Michel Waldschmidt) তাঁর প্রবন্ধ Linear recurrence sequences, exponential polynomials and diophantine approximation উপস্থাপন করেন। দুপুরের খাবারের পর প্রথম বৈজ্ঞানিক অধিবেশন Algebra and Its Applications প্রফেসর সাজেদা বানুর সভাপতিত্বে একই স্থানে অনুষ্ঠিত হয়। চা বিরতির পর একই স্থানে দ্বিতীয় বৈজ্ঞানিক অধিবেশন Heat and Mass Transfer প্রফেসর আবদুল আলীমের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।



দ্বিতীয় ও তৃতীয় দিনের সকল বৈজ্ঞানিক অধিবেশন ৬৬ মহাখালী ঠিকানায় অবস্থিত ব্র্যাক বিশ্ববিদ্যালয় বহুতল ভবনের বিভিন্ন কক্ষে অনুষ্ঠিত হয়। সকালে দুইটি সমান্তরাল অধিবেশনের একটির বিষয়বস্তু ছিল Computational Fluid Dynamics and Fluid Dynamics I, অপরটির বিষয়বস্তু ছিল Applied Mathematics and Modelling I; সভাপতিত্ব করেন যথাক্রমে প্রফেসর মোঃ আনোয়ার হোসেন এবং প্রফেসর মোঃ হায়দার আলী বিশ্বাস। চা বিরতির পর দুইটি সমান্তরাল অধিবেশনের একটির বিষয়বস্তু ছিল Applied Mathematics and Modelling II, অপরটির বিষয়বস্তু ছিল Computational Fluid Dynamics and Fluid Dynamics II; সভাপতিত্ব করেন যথাক্রমে প্রফেসর মোঃ শহীদুল ইসলাম এবং প্রফেসর মোঃ আবদুল হাকিম খান।

দুপুরের খাবারের পর দুইটি সমান্তরাল অধিবেশনের একটির বিষয়বস্তু ছিল Applied Mathematics and Modelling III, অপরটির বিষয়বস্তু ছিল Fuzzy Mathematics; Functional Analysis and Their Applications; সভাপতিত্ব করেন যথাক্রমে ড. চন্দ্রনাথ পোদ্দার এবং প্রফেসর ড. মুনিবুর রহমান চৌধুরী। শেষোক্ত অধিবেশনে আমন্ত্রিত বক্তা বর্ধমান বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের প্রধান প্রফেসর ড. আবসোস আলী খান From Euclidean Geometry to Incidence Geometry শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন।

তৃতীয় দিন সকালের দুইটির সমান্তরাল অধিবেশনের একটির বিষয়বস্তু ছিল Differential Equations (ODEs and PDEs); Dynamical Systems and Chaos Theory, অপরটির বিষয়বস্তু ছিল Operations Research and Optimization, Algebraic and Differential Geometry; সভাপতিত্ব করেন যথাক্রমে প্রফেসর ড. মোঃ আবদুল মতিন এবং প্রফেসর ড. আ আ জিয়াউদ্দিন আহমদ।

প্রথমোক্ত অধিবেশনে আমন্ত্রিত বক্তা ড. বিনায়ক এস. চৌধুরী, গণিত বিভাগ, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং সাইন্স এন্ড টেকনোলজি, শিবপুর, হাওড়া, An approach to best proximity pairs in metric spaces with applications to uniformly convex Banach spaces শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন। উল্লেখ্য, এই কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানটি Bengal Engineering College নামে ১৮৫৬ সালে প্রতিষ্ঠিত হয়। চা বিরতির পর অনুষ্ঠিত অধিবেশনের বিষয়বস্তু ছিল Applied Mathematics, এতে সভাপতিত্ব করেন প্রফেসর লায়েক সাজ্জাদ এন্দেল্লা।

দুপুরের খাবারের পর Mathematics Education শীর্ষক অধিবেশন অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন ড. মিশেল ভালডস্মিট (Michel Waldschmidt), এতে দুইটি প্রবন্ধ উপস্থাপনের পর আমন্ত্রিত বক্তা চীনের Xidian University এর School of Electro-Mechanical Engineering এর ড. ডিং লিউ (Dr. Ding Liu) Education in China শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন। এই সঙ্গে সম্মেলনের বৈজ্ঞানিক অধিবেশনের পরিসমাপ্তি ঘটে।




চা বিরতির পর ২০ ডিসেম্বর বিকাল ৪.০০ টায় BRAC University এর অডিটোরিয়ামে সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. সৈয়দ সাদ আন্দালিব। এতে সভাপতিত্ব করেন MNS বিভাগের এবং অর্গানাইজিং কমিটির চেয়ারম্যান প্রফেসর আ আ জিয়াউদ্দিন আহমদ। স্বাগত বক্তব্য দেন বাংলাদেশ গণিত সমিতির সম্পাদক অধ্যাপক ড. মোঃ শহীদুল ইসলাম। সম্মানিত আমন্ত্রিত বক্তা প্রফেসর মিশেল ভালডস্মিট সম্মেলন সম্পর্কে তাঁর অনুভূতি ব্যক্ত করেন। উল্লেখ্য, প্রফেসর ভালডস্মিট বাংলাদেশ গণিত সমিতির ১৮তম গণিত সম্মেলনেও অংশগ্রহণ করেছিলেন।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়কে ১৯তম আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠানের সুযোগ দানের জন্য মাননীয় উপাচার্য বাংলাদেশ গণিত সমিতিকে ধন্যবাদ জানান। সভাপতির ভাষণে প্রফেসর আ আ জিয়াউদ্দিন আহমদ সম্মেলন সুন্দর ও সফলভাবে অনুষ্ঠিত করার পেছনে যাঁরা নিরলসভাবে পরিশ্রম ও সহযোগিতা করেছেন তাঁদের ভূয়সী প্রশংসা করেন এবং আন্তরিক ধন্যবাদ জানান। পরিশেষে সম্মেলনের অন্যতম প্রধান সংগঠক মোঃ মারুফ আহমেদ আনুষ্ঠানিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানের পর সংলগ্ন লাউঞ্জে অতিথিদের চা-চক্রে আপ্যায়িত করা হয়। চা-চক্রের পর অতিথি বক্তা বিশিষ্ট ফরাসি গণিতবিদ ড. মিশেল ভালডস্মিট (Michel Waldschmidt) তাঁর প্রবন্ধ Linear recurrence sequences, exponential polynomials and diophantine approximation উপস্থাপন করেন। দুপুরের খাবারের পর প্রথম বৈজ্ঞানিক অধিবেশন Algebra and Its Applications প্রফেসর সাজেদা বানুর সভাপতিত্বে একই স্থানে অনুষ্ঠিত হয়। চা বিরতির পর একই স্থানে দ্বিতীয় বৈজ্ঞানিক অধিবেশন Heat and Mass Transfer প্রফেসর আবদুল আলীমের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।



দ্বিতীয় ও তৃতীয় দিনের সকল বৈজ্ঞানিক অধিবেশন ৬৬ মহাখালী ঠিকানায় অবস্থিত ব্র্যাক বিশ্ববিদ্যালয় বহুতল ভবনের বিভিন্ন কক্ষে অনুষ্ঠিত হয়। সকালে দুইটি সমান্তরাল অধিবেশনের একটির বিষয়বস্তু ছিল Computational Fluid Dynamics and Fluid Dynamics I, অপরটির বিষয়বস্তু ছিল Applied Mathematics and Modelling I; সভাপতিত্ব করেন যথাক্রমে প্রফেসর মোঃ আনোয়ার হোসেন এবং প্রফেসর মোঃ হায়দার আলী বিশ্বাস। চা বিরতির পর দুইটি সমান্তরাল অধিবেশনের একটির বিষয়বস্তু ছিল Applied Mathematics and Modelling II, অপরটির বিষয়বস্তু ছিল Computational Fluid Dynamics and Fluid Dynamics II; সভাপতিত্ব করেন যথাক্রমে প্রফেসর মোঃ শহীদুল ইসলাম এবং প্রফেসর মোঃ আবদুল হাকিম খান।

দুপুরের খাবারের পর দুইটি সমান্তরাল অধিবেশনের একটির বিষয়বস্তু ছিল Applied Mathematics and Modelling III, অপরটির বিষয়বস্তু ছিল Fuzzy Mathematics; Functional Analysis and Their Applications; সভাপতিত্ব করেন যথাক্রমে ড. চন্দ্রনাথ পোদ্দার এবং প্রফেসর ড. মুনিবুর রহমান চৌধুরী। শেষোক্ত অধিবেশনে আমন্ত্রিত বক্তা বর্ধমান বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের প্রধান প্রফেসর ড. আবসোস আলী খান From Euclidean Geometry to Incidence Geometry শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন।

তৃতীয় দিন সকালের দুইটির সমান্তরাল অধিবেশনের একটির বিষয়বস্তু ছিল Differential Equations (ODEs and PDEs); Dynamical Systems and Chaos Theory, অপরটির বিষয়বস্তু ছিল Operations Research and Optimization, Algebraic and Differential Geometry; সভাপতিত্ব করেন যথাক্রমে প্রফেসর ড. মোঃ আবদুল মতিন এবং প্রফেসর ড. আ আ জিয়াউদ্দিন আহমদ।

প্রথমোক্ত অধিবেশনে আমন্ত্রিত বক্তা ড. বিনায়ক এস. চৌধুরী, গণিত বিভাগ, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং সাইন্স এন্ড টেকনোলজি, শিবপুর, হাওড়া, An approach to best proximity pairs in metric spaces with applications to uniformly convex Banach spaces শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন। উল্লেখ্য, এই কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানটি Bengal Engineering College নামে ১৮৫৬ সালে প্রতিষ্ঠিত হয়। চা বিরতির পর অনুষ্ঠিত অধিবেশনের বিষয়বস্তু ছিল Applied Mathematics, এতে সভাপতিত্ব করেন প্রফেসর লায়েক সাজ্জাদ এন্দেল্লা।

দুপুরের খাবারের পর Mathematics Education শীর্ষক অধিবেশন অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন ড. মিশেল ভালডস্মিট (Michel Waldschmidt), এতে দুইটি প্রবন্ধ উপস্থাপনের পর আমন্ত্রিত বক্তা চীনের Xidian University এর School of Electro-Mechanical Engineering এর ড. ডিং লিউ (Dr. Ding Liu) Education in China শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন। এই সঙ্গে সম্মেলনের বৈজ্ঞানিক অধিবেশনের পরিসমাপ্তি ঘটে।




চা বিরতির পর ২০ ডিসেম্বর বিকাল ৪.০০ টায় BRAC University এর অডিটোরিয়ামে সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. সৈয়দ সাদ আন্দালিব। এতে সভাপতিত্ব করেন MNS বিভাগের এবং অর্গানাইজিং কমিটির চেয়ারম্যান প্রফেসর আ আ জিয়াউদ্দিন আহমদ। স্বাগত বক্তব্য দেন বাংলাদেশ গণিত সমিতির সম্পাদক অধ্যাপক ড. মোঃ শহীদুল ইসলাম। সম্মানিত আমন্ত্রিত বক্তা প্রফেসর মিশেল ভালডস্মিট সম্মেলন সম্পর্কে তাঁর অনুভূতি ব্যক্ত করেন। উল্লেখ্য, প্রফেসর ভালডস্মিট বাংলাদেশ গণিত সমিতির ১৮তম গণিত সম্মেলনেও অংশগ্রহণ করেছিলেন।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়কে ১৯তম আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠানের সুযোগ দানের জন্য মাননীয় উপাচার্য বাংলাদেশ গণিত সমিতিকে ধন্যবাদ জানান। সভাপতির ভাষণে প্রফেসর আ আ জিয়াউদ্দিন আহমদ সম্মেলন সুন্দর ও সফলভাবে অনুষ্ঠিত করার পেছনে যাঁরা নিরলসভাবে পরিশ্রম ও সহযোগিতা করেছেন তাঁদের ভূয়সী প্রশংসা করেন এবং আন্তরিক ধন্যবাদ জানান। পরিশেষে সম্মেলনের অন্যতম প্রধান সংগঠক মোঃ মারুফ আহমেদ আনুষ্ঠানিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

## সদস্য সংবাদ

বাংলাদেশ গণিত সমিতির কার্যকরী সংসদের সদস্য আ-৬০০ গবেষক কাজী মোঃ খায়রুল বাসার ২০১৪-১৫ শিক্ষাবর্ষে গবেষক ক্যাটাগরিতে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় গণিত ও পরিসংখ্যান বিভাগের পাঠ্যক্রম কমিটির সদস্য মনোনীত হয়েছেন। কমিটির সভায় অংশগ্রহণ করে তিনি পাঠ্যক্রমে গণিতের বাস্তব প্রয়োগের সঙ্গে সম্পর্কযুক্ত কোর্স অন্তর্ভুক্ত করার উপর গুরুত্ব আরোপ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের সহকারী অধ্যাপক আ-৬০৯ তানিয়া শরমিন খালেক সম্প্রতি অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের হতে D. Phil. ডিগ্রী অর্জন করে দেশে ফিরে স্বপদে যোগদান করেছেন। তাঁর গবেষণার তত্ত্বাবধায়ক ছিলেন Mathematical Institute এর প্রফেসর Andrew Fowler এবং Peter Howell; তাঁর থিসিসের শিরোনাম ছিল Strongly Varibale Viscosity Flows in Mantle Convention. তিনি সম্প্রতি ফলিত গণিত বিভাগে যোগদান করেছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের সহকারী অধ্যাপক আ-৬৫২ মোঃ মোতালেব হোসেন সম্প্রতি জাপানের Hokkaido বিশ্ববিদ্যালয় হতে Ph. D. ডিগ্রী অর্জন করে দেশে ফিরে স্বপদে যোগদান করেছেন। তাঁর গবেষণার তত্ত্বাবধায়ক ছিলেন প্রফেসর Kazuhisha Augustine Chikita; তাঁর থিসিসের শিরোনাম ছিল Sediment Loading Porcess in a Forested Catchment Influenced by Slope Failure.

আ-৮০১ হরিদাস কুমার দাশ সম্প্রতি কানাডার Montreal-এর Concordia বিশ্ববিদ্যালয় হতে M.S. ডিগ্রী অর্জন করে দেশে ফিরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের প্রভাষক পদে যোগদান করেছেন। তাঁর গবেষণার তত্ত্বাবধায়ক ছিলেন প্রফেসর S. Twareque Ali তাঁর থিসিসের শিরোনাম ছিল Affine Integral Quantization on Co-adjoint Order of a Poincare group in (1+1) dimensional Space-time Dimensions and Applications.

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের প্রভাষক আ-৭২৭ মোঃ রাজীব আরেফিন সম্প্রতি স্কটল্যান্ডের Edinburgh বিশ্ববিদ্যালয় হতে Distinction সহ M.Sc. ডিগ্রী অর্জন করে দেশে ফিরে স্বপদে যোগদান করেছেন। তাঁর গবেষণার তত্ত্বাবধায়ক ছিলেন Dr. Peter Richtarik; থিসিসের শিরোনাম ছিল Application of Semi-stochastic Gradient Methods.

UGC প্রফেসর আ-১০৮ ড. মোঃ আনোয়ার হোসেন চীনের Xidian Universit এর School of Electro-Mechanical Engineering এর আমন্ত্রণে দ্বিতীয়বারের মত ৩১ সেপ্টেম্বর থেকে ১৫ ডিসেম্বর ২০১৫ ভিজিটিং প্রফেসর হিসেবে তথায় অবস্থান করেন এবং Engineering Fluid Mechanics বিষয়ে বক্তৃতামালা প্রদান করেন।

খুলনা বিশ্ববিদ্যালয়ের গণিত ডিসিপ্লিনের অধ্যাপক আ-২৮৯ ড. মোঃ হায়দার আলী বিশ্বাস ২৯-০৬-২০১৫ তারিখে বিভাগীয় প্রধান নিযুক্ত হয়েছেন।

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের অধ্যাপক আ-৭৪১ ড. মোঃ আনোয়ারুল ইসলাম ০১-১০-২০১৫ তারিখে বিভাগীয় প্রধান নিযুক্ত হয়েছেন।

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের অধ্যাপক আ-৯৭০ রাজেন্দ্র চন্দ্র ভৌমিক ০১-১০-২০১৫ তারিখে বিভাগীয় প্রধান নিযুক্ত হয়েছেন।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের অধ্যাপক আ-৪৯৫ ড. মোঃ আব্দুল আলীম ০৩-১০-২০১৫ তারিখে বিভাগীয় প্রধান নিযুক্ত হয়েছেন।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের সহকারী অধ্যাপক, গণিত সমিতির সহকারী সম্পাদক আ-৫২৪ ড. রেহেনা নাসরীন কলকাতার Salt Lake এলাকায় অবস্থিত Institute for Mathematics, Bioinformatics, Information-technology and Computer Science (IMBIC) কর্তৃক ২১-২৩ ডিসেম্বর, ২০১৫ আয়োজিত 9th International Conference MSAST 2015 সম্মেলনে অংশগ্রহণ করেন এবং Effect of Reynolds Number in 3D Heat Transfer through Nanofluid Filled Solar Collector শীর্ষক গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন।

আ-৮২৩ অধ্যাপক ড. মোঃ শরিফ উদ্দিন, ইউরোপিয়ান ইউনিয়নের Erasmus Munds Fusion Scholarship এর আওতায় Post Doctoral Research Program-এ বুলগেরিয়ার Ruse University তে অবস্থান করছেন।

নর্থ-সাউথ ইউনিভার্সিটির গণিত ও পদার্থবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক আ-৭৪৯ ড. মোঃ মামুন মোল্লা সম্প্রতি অস্ট্রেলিয়ায় যান এবং Queensland University of Technology-এ Prof. Y T Gu-এবং Dr. Suvash C Saha-এর সঙ্গে পারস্পরিক Reseach Collaboration বৃদ্ধির বিষয়ে ফলপ্রসূ আলোচনা করেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের সহকারী অধ্যাপক আ-৬৫৯ বিষ্ণুপদ ঘোষ ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালীন সময়ে শিক্ষার্থী ক্রিয়াবিদদের সর্বোচ্চ সম্মান 'ঢাকা ইউনিভার্সিটি ব্লু' অর্জন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সম্প্রতি আরো অনেকের সঙ্গে তাঁর হাতে ব্লু-পদক তুলে দেন। তিনি বর্তমানে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিএনসিসি-এর প্রধান অফিসার-ইন-চার্জ হিসাবে দায়িত্ব পালন করছেন।

## সদস্য সংগ্রহ অভিযান

বাংলাদেশ গণিত সমিতি বাংলাদেশের সকল পর্যায়ের গণিতবিদদের একমাত্র পেশাগত (প্রফেশনাল) সংগঠন। সকল স্তরের গণিত শিক্ষা ও গবেষণার মান উন্নয়ন গণিত সমিতির সংবিধিবদ্ধ উদ্দেশ্য। সকল পর্যায়ের গণিতবিদ ও গণিত শিক্ষক অন্তর্ভুক্ত করার লক্ষ্যে সদস্য হওয়ার যোগ্যতা গণিতসহ স্নাতক বা সমমানের ডিগ্রী নির্ধারণ করা হয়েছে। বাংলাদেশ গণিত সমিতির কার্যকরী সংসদে বরাবরই স্কুল ও কলেজ পর্যায়ের শিক্ষকের অন্তর্ভুক্ত থাকেন।

বর্তমানে সমিতির সদস্য সংখ্যা অনধিক বারোশত (যাঁরা সকলেই আজীবন সদস্য)। বাংলাদেশে কর্মরত সকল গণিতবিদ ও গণিত শিক্ষকের সংখ্যার তুলনায় এই সদস্য সংখ্যা নিতান্তই অপ্রতুল। বর্তমান কার্যকরী সংসদ সমিতির নতুন সদস্য সংগ্রহের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেছেন। প্রত্যেক সদস্যকে অন্তত দুইজন করে নতুন সদস্য সংগ্রহ করার উদ্যোগ নিতে উদাত্ত আহ্বান জানাই।

সমিতির সদস্যপত্রের ফরম সমিতির ওয়েবসাইট হতে ডাউনলোড করে ফরমটি পূরণ করে আজীবন সদস্য পদের চাঁদা ২০০০/- টাকা এবং নিবন্ধন ফি ২০০/- টাকা, মোট ২২০০/- (বাইশ শত) টাকা সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখায় বাংলাদেশ গণিত সমিতির ৩৪০০৯২১৬ নং হিসাবে ইলেক্ট্রনিক ট্রান্সফারের মাধ্যমে, অথবা উক্ত শাখায় পরিশোধযোগ্য ২২০০/- টাকার ব্যাংক ড্রাফট পাঠাতে হবে। ২০০/- (দুইশত) টাকা দিয়ে যেকোন সম্মানিত সদস্য ডিজিটাল আইডি কার্ড সংগ্রহ করতে পারবেন।

প্রত্যেক সদস্যকে সমিতির ওয়েবসাইটে সদস্য তালিকায় তাঁর নাম ও ঠিকানা, মোবাইল নং, ই-মেইল (যদি থাকে) হালনাগাদ ও সঠিক আছে কিনা যাচাই করতে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। কোন তথ্য হালনাগাদ বা অসম্পূর্ণ থাকলে, তা সমিতির সম্পাদক অথবা অফিস কর্মকর্তাকে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

আ-১০৪ প্রফেসর ড. মোঃ শহীদুল ইসলাম
সম্পাদক, বাংলাদেশ গণিত সমিতি
০১৮১৯৪৯৩৭৬৭, mshahidul11@yahoo.com

## বাংলাদেশ গণিত সমিতির প্রকাশনা

বাংলাদেশ গণিত সমিতির গবেষণা পত্রিকা GANIT Journal of Bangladesh Mathematicial Society (ISSN 1606-3694) এর Vol. 35 (2015) সম্প্রতি প্রকাশিত হয়েছে। এতে একটি Survey Article : The Tower of Hanoi Problem and Its Variants সহ তেরটি প্রবন্ধ স্থান পেয়েছে। গণিত জার্নালের নির্বাহী সম্পাদকের দায়িত্বে আছেন প্রফেসর ড. মুনিবুর রহমান চৌধুরী ও সহযোগী সম্পাদক প্রফেসর ড. মোঃ শফিকুল ইসলাম।

কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য গণিত বাংলাদেশ সমিতির বার্ষিক প্রকাশনা **গণিত পরিক্রমার** দুইটি খণ্ড ২৪ (২০১৪) এবং ২৫ (২০১৫) প্রকাশিত হয়েছে। এর ফলে গণিত পরিক্রমার প্রকাশনা নিয়মিত করা হল। উভয় খণ্ডে সর্বশেষ সংশোধনীসহ সমিতির সংবিধান ছাপা হয়েছে। গণিত পরিক্রমার সম্পাদকের দায়িত্বে আছেন প্রফেসর এম. শামসুর রহমান।

উভয় প্রকাশনার পূর্বতন কিছু কিছু খণ্ড এখনো পাওয়া যাচ্ছে। প্রত্যেক সদস্যকে গণিত জার্নাল এবং গণিত পরিক্রমা হ্রাসকৃত মূল্যে সংগ্রহ করার অনুরোধ করা যাচ্ছে।

## বার্ষিক সাধারণ সভা ২০১৫

বাংলাদেশ গণিত সমিতির ২০১৫ কার্যবর্ষের বার্ষিক সাধারণ সভা আগামী ১৫ জানুয়ারি ২০১৬ তারিখ সকাল ১০.০০ টায় এ এফ মুজিবুর রহমান গণিত ভবনের রেজাউর রহমান অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে। সমিতির সম্মানিত ২০ জন সদস্যের আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ গণিত সমিতির ইতিহাসে এই প্রথমবারের মতো একটি আহুত সভা ঐ একই দিনে ও স্থানে সকাল ১১.৩০ টায় অনুষ্ঠিত হতে যাচ্ছে। সভায় সম্মানিত সদস্যদের দলে দলে সভায় যোগ দিতে বিশেষভাবে অনুরোধ করছি।

আ-১০৪ প্রফেসর ড. মোঃ শহীদুল ইসলাম
সম্পাদক, বাংলাদেশ গণিত সমিতি
০১৮১৯৪৯৩৭৬৭, mshahidul11@yahoo.com

**ষান্মাসিক বুলেটিন, ডিসেম্বর ২০১৫**

**সম্পাদনা পরিষদ**

| | |
|---|---|
| প্রফেসর ড. মুনিবুর রহমান চৌধুরী | নির্বাহী সম্পাদক |
| ড. মোঃ ফরহাদ উদ্দিন | সদস্য-সচিব |
| প্রফেসর ড. শেখ সোহরাবুদ্দীন | সদস্য |
| ড. রেহেনা নাসরীন | সদস্য |
| মোঃ আকতারউজ্জামান | সদস্য |
| প্রফেসর ড. মোঃ শহীদুল ইসলাম | সদস্য |

প্রকাশক : বাংলাদেশ গণিত সমিতি, রুম নং ৮০৩
এ এফ মুজিবুর রহমান গণিত ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০

**সমিতির ওয়েবসাইট : www.bdmathsociety.org**

**সমিতির অফিস কর্মকর্তা**
মোঃ মনিরুজ্জমান লিটন, ০১৫৫৮৮৫৯৩২৬

**কম্পিউটার কম্পোজ ও মুদ্রণ**
বিসিএস প্রিন্টিং
রাফিন প্লাজা (৩য় তলা), ৩/বি মিরপুর রোড, নীলক্ষেত, ঢাকা-১২০৫
মোবাইল: ০১৭১০৮৮০৭২৮